

সব শিক্ষা প্রতিষ্ঠানে জাতির জনকের শাহাদাত বার্ষিকী পালনের নির্দেশ

যাযাদি রিপোর্ট

দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে
জাতির জনক বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমানের ৩৪তম
শাহাদাত বার্ষিকী যথাযোগ্য
মর্যাদায় পালনের জন্য বৃহস্পতি
শিক্ষা মন্ত্রণালয় এক নির্দেশনা
জারি করেছে। এ উপলক্ষে
দেশের সব স্কুল, কলেজ,
মাদ্রাসা, কারিগরি শিক্ষা
প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে
নির্দিষ্ট কর্তৃপক্ষি পালনের
নির্দেশনা প্রদান করেছে।
শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায়
শাহাদাত : পৃষ্ঠা ১৫ কলাম ৭

শাহাদাত : শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

বলা হয়েছে, ১৫ আগস্ট জাতীয়
শোক দিবস। বাঙালি জাতিসত্তার
চেতনায় দেশপ্রেমের অনুশীলন ও
স্বাধীনতাকে কালক্রমে সফলো সম্বন্ধ
করার মানস গঠনে মহান স্বাধীনতার
স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও কীর্তি
একটি অপরিহার্য উপাদান। দিবসটি
যথাযোগ্য মর্যাদার সঙ্গে প্রতিপালনের
জন্য জাতীয় পতাকা অর্ধনমিত রাখা
ও শোকের প্রতীক কালো পতাকা
উত্তোলন, বঙ্গবন্ধুর জীবন ও কীর্তির
ওপর আলোচনা অনুষ্ঠান, বঙ্গবন্ধুর
বিদেশী আত্মার মাগফিরাত কামনা
করে দেয়া অনুষ্ঠান, শোক দিবসের

সঙ্গে সঙ্গতিপূর্ণ সাহিত্য (কবিতা
আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন
প্রতিযোগিতা ইত্যাদি) এবং
সাংস্কৃতিক অনুষ্ঠান, সঙ্গীত ক্ষেত্রে
রক্তদান কর্মসূচি শিক্ষা প্রতিষ্ঠানে
পালনের নির্দেশনা দেয়া হয়েছে।
জানা গেছে, ১০ মে শিক্ষা
মন্ত্রণালয়ের আরেক নির্দেশনায়
জানানো হয়েছিল, জাতীয়
দিবসগুলোর গুরুত্ব ও তাৎপর্য
শিক্ষার্থীদের সামনে যথাযথ মর্যাদা ও
ভাবগম্ভীর্যের সঙ্গে তুলে ধরার লক্ষ্যে
শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ক্লাস বন্ধ রেখে
প্রয়োজনীয় অনুষ্ঠানের আয়োজন
করতে হবে।